ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৭০৬

আগরতলা, ১২ জানুয়ারি,২০২৬

# মুখ্যমন্ত্রী নগরোন্নয়ন প্রকল্প বাস্তবায়নে জাতীয় পুরস্কার লাভ

মুখ্যমন্ত্রী নগরোন্নয়ন প্রকল্প (এম.এম.এন.ইউ.পি.) শাসন পরিচালনা এবং উন্নয়নের ক্ষেত্রে অন্যতম সর্বোচ্চ স্বাধীন জাতীয় পুরস্কার হিসেবে চিহ্নিত স্কচ পুরস্কার ২০২৫ পেয়েছে। নয়াদিল্লির ইন্ডিয়া হেবিটেট সেন্টারের সিলভার ওক হলে গত ১০ জানুয়ারি 'গভর্নিং বিকশিত ভারত' থিমের উপর আয়োজিত স্কচ শীর্ষ সম্মেলনে পুরস্কারটি প্রদান করা হয়। রাজ্য সরকারের পক্ষে নগরোন্নয়ন দপ্তরের অধিকর্তা এবং যুগ্ম অধিকর্তা এই পুরস্কার গ্রহণ করেন।

স্কচ গ্রুপের কঠোর, স্বাধীন এবং ফলাফলভিত্তিক মূল্যায়ন প্রক্রিয়ার সমস্ত পর্যায় সফলভাবে সম্পন্ন করার পর এই পুরস্কারটি প্রদান করা হয়েছে। স্কচ অ্যাওয়ার্ড এমন উদ্ভাবনী এবং প্রভাবশালী উদ্যোগগুলিকে স্বীকৃতি দেয় যা অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি, স্বচ্ছতা এবং সুশাসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। মুখ্যমন্ত্রী নগরোন্নয়ন প্রকল্পের (এম.এম.এন.ইউ.পি.) অধীনে রাজ্য সরকার প্রয়োজনভিত্তিক বিভিন্ন নগরোন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করেছে। এরমধ্যে রয়েছে নগরীর রাস্তা ও নিকাশি ব্যবস্থার উন্নয়ন, জল সরবরাহ ও স্যানিটেশন পরিকাঠামোর আধুনিকীকরণ, বাজার এবং সামাজিক সম্পদের উন্নয়ন, পুর পরিষেবা বিতরণ ব্যবস্থার শক্তিশালীকরণ ইত্যাদি। এই প্রকল্পটি সম্পদের ন্যায়সঙ্গত বন্টন, প্রকল্পের সময়োপযোগী বাস্তবায়ন এবং অন্যান্য রাজ্য ও কেন্দ্রীয় সরকারের উদ্যোগের সাথে সমন্বয়ের উপর জোর দেয়। এতে পরিকল্পিত ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের মাধ্যমে নগরোন্নয়নের পরিকল্পনা দ্রুত বাস্তবায়িত হয় এবং শহরাঞ্চলের জীবনযাত্রার সামগ্রিক মান উন্নত হয়।

এই জাতীয় স্বীকৃতি কার্যকর নগর উন্নয়নের প্রতি রাজ্য সরকারের ধারাবাহিক প্রচেষ্টা এবং নাগরিককেন্দ্রিক উন্নয়ন পরিকল্পনার প্রতি রাজ্য সরকারের অঙ্গীকারকে তুলে ধরে। নগরোন্নয়ন দপ্তরের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।

*****